# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৮৫

১০. কিতাবুল জানাইয (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয়

পরিচ্ছেদঃ যেই হাদীস কোন কোন আলেমকে এই সংশয়ে ফেলে দেয় যে, ইবনু উয়াইনার হাদীসটির সানাদ হয়তো বিচ্ছিন্ন

## ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّ خَبَرَ ابْنِ عُيَيْنَةَ الَّذِي ذَكَرْنَاهُ مُنْقَطِعٌ غير متصل

আরবী

3185 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ طَلْحَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَوْفٍ ـ ابْنِ أَخِي عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ ـ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَهْلٍ الْمَدَنِيِّ عَنْ سَعِيدِ بْنِ زَيْدٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَنْ ظَلَمَ مِنَ الْأَرْضِ شِبْرًا طوّقه اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ مِنْ سَبْعِ أَرَضِينَ)

قَالَ مَعْمَرٌ: وَبَلَغَنِي عَنِ الزُّهْرِيِّ فِي هَذَا الْحَدِيثِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ قُتِلَ دُونَ ماله فهو شهيد)

الراوي : سَعِيد بْن زَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3185 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الروض النضير)) (338): ق.

قال أبوحاتم: رَوَى هَذَا الْخَبَرَ أَصْحَابُ الزُّهْرِيِّ الثِّقَاتُ الْمُتْقِنُونَ فَاتَّفَقُوا كُلُّهم عَلَى رِوَايَتِهِمْ هَذَا الْخَبَرَ عَنِ الزُّهْرِيِّ عَنْ طَلْحَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَوْفٍ عَنْ سَعِيدِ بْنِ زَيْدٍ خَلَا مَعْمَرٍ وَحْدَهُ فَإِنَّهُ أُدْخِلَ بَيْنَ طَلْحَةَ بْنِ عَبْدِ اللَّهِ وَبَيْنَ سَعِيدِ بْنِ زَيْدٍ: عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَهْلٍ وَأَخَافُ أَنْ يَكُونَ ذَلِكَ وَهْمًا وَقَدْ قَالَ مَعْمَرٌ فِي هَذَا الْخَبَرِ: بَلَغَنِي عَنِ الزُّهْرِيِّ فَيُشْبِهُ أَنْ يَكُونَ سَمِعَهُ مِنْ بَعْضِ أَصْحَابِهِ عَنِ الزُّهْرِيِّ فالقَلْبُ إِلَى رِوَايَةِ أولئك أميل.

বাংলা

৩১৮৫. সাঈদ বিন যাইদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “যে ব্যক্তি অর্ধ হাত পরিমাণ জমিন অন্যায়ভাবে দখল করে নিবে, কিয়ামতের দিন আল্লাহ সাত তবক পর্যন্ত সেই জমিন তার গলায় ঝুলিয়ে দিবেন।”

মা‘মার রহিমাহুল্লাহ বলেন, “আমার কাছে ইমাম যুহরী থেকে এই হাদীস পৌঁছেছে, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি স্বীয় সম্পদ রক্ষার্থে নিহত হয়, সে শহীদ।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসটি ইমাম যুহরী রহিমাহুল্লাহর নির্ভরযোগ্য ও সুদৃঢ় ছাত্ররা সবাই বর্ণনা করেছেন ইমাম যুহরী থেকে, তিনি তালহা বিন আব্দুল্লাহ বিন আওফ থেকে, তিনি সাঈদ বিন যাইদ থেকে।

তবে মা‘মার এককভাবে হাদীসটি বর্ণনায় সানাদে তালহা বিন আব্দুল্লাহ ও সাঈদ বিন যাইদের মাঝে আব্দুর রহমান বিন সাহলকে ঢুকিয়েছেন। আমার আশংকা এটা তার ভুল। মা‘মার হাদীসটিতে বলেছেন, “আমার কাছে ইমাম যুহরী থেকে হাদীস পৌঁছেছে”। কাজেই হতে পারে তিনি হাদীসটি ইমাম যুহরীর কোন ছাত্র থেকে শ্রবণ করেছেন। তিনি ইমাম যুহরী থেকে বর্ণনা করেছেন। আর আমার হৃদয় ইমাম যুহরীর অন্যান্য ছাত্ররা যা ঐক্যমতের ভিত্তিতে বর্ণনা করেছেন, সেদিকেই বেশি ঝোঁকপ্রবণ।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/১৮৭; হুমাইদী: ৮৩; নাসাঈ: ৭/১১৫-১১৬; ইবনু মাজাহ: ২৫৮০; আবূ ইয়ালা: ৯৪৯; সুনান বাইহাকী: ৩/২৬৬; তিরমিযী: ১৪২১; আত তায়ালিসী: ২৩৩; আবূ দাউদ: ৪৭৭২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওয: ৩৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাঈদ ইবনু যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92515

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন